# Prime Minister Shri NarendraModi delivers Keynote Address at The Sydney Dialogue

November 18, 2021

---

# প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী সিডনি আলোচনায় মুখ্য ভাষণ প্রদান করেছেন।

**নভেম্বর** 18, 2021

**প্রধান মন্ত্রী সিডনি আলোচনায় মুখ্য ভাষণে ভারতের প্রযুক্তির বিবর্তন এবং বিপ্লব নিয়ে বলেছেন।**

**ভারতে সংঘটিত পাঁচটি গুরুত্বপূর্ণ পরিবর্তনের তালিকা প্রদান করেছেন।**

**" গণতন্ত্রের সব থেকে বড় শক্তি হল উন্মুক্ততা,। একই সাথে, আমাদের উচিত স্বল্প সংখ্যক কায়েমি স্বার্থকে এই উন্মুক্ততার অপব্যবহার করতে না দেওয়া।**

**" ভারতের ডিজিটাল বিপ্লবের শিকড় আমাদের গণতন্ত্রে, আমাদের জনসংখ্যায় এবং আমাদের অর্থনীতির মাপকাঠিতে নিহিত রয়েছে "।**

**" আমরা জনগণের ক্ষমতায়নের উৎস হিসেবে ডেটাকে ব্যবহার করি। ব্যক্তিগত অধিকারের দৃঢ় জামানত সহ গণতান্ত্রিক পরিকাঠামোতে এটি করার ক্ষেত্রে ভারতের অতুলনীয় অভিজ্ঞতা রয়েছে।"**

**" ভারতের গণতান্ত্রিক পরম্পরা প্রাচীন; এর আধুনিক প্রতিষ্ঠানগুলি শক্তিশালী এবং আমরা বরাবর বিশ্বকে একটি পরিবার হিসাবে বিশ্বাস করেছি।"**

**গণতন্ত্রের জন্য একসাথে কাজ করার জন্য একটি রোডম্যাপ প্রদান করে, যাকিনা জাতীয় অধিকারকে স্বীকৃতি দেয় এবং একই সাথে বাণিজ্য, বিনিয়োগ এবং বৃহত্তর জনকল্যাণকে উন্নীত করে। " "এটি গুরুত্বপূর্ণ যে সকল গণতান্ত্রিক দেশগুলি একসাথে ক্রিপ্টো-কারেন্সি(অদৃশ্য-মুদ্রা) নিয়ে কাজ করে এবং আমাদের যুব সমাজকে নষ্ট করতে পারে সেই ধরনের ভুল হাতে না যাওয়াকে সুনিশ্চিত করে।"**

প্রধানমন্ত্রী , শ্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে সিডনি আলোচনার উদ্বোধনে মুখ্য ভাষণ প্রদান করেছেন।তিনি ভারতের প্রযুক্তি বিবর্তন এবং বিপ্লবের বিষয়বস্তুর উপরে ভাষণ দিয়েছেন। এই ভাষণের আগে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী মিস্টার স্কট মরিসন সূচনা ভাষণ প্রদান করেছেন।

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে এবং উদ্ভূত ডিজিটাল বিশ্বে ভারতের কেন্দ্রীয় ভূমিকা পালনের জন্য স্বীকৃতির কথা উল্লেখ করেছেন। ডিজিটাল যুগের সুবিধাকে উল্লেখ করে প্রধানমন্ত্রী আরও বলেছেন যে, বিশ্ব, সমুদ্রতল থেকে শুরু করে সাইবার থেকে মহাকাশ অবধি নতুন ঝুঁকি এবং বিভিন্ন হুমকি জুড়ে নতুন ধরনের সংঘাতের মুখোমুখিও হচ্ছে। প্রধান মন্ত্রী বলেছেন, " গণতন্ত্রের সব থেকে বড়

শক্তি হল উন্মুক্ততা। একই সাথে, আমাদের উচিত স্বল্প সংখ্যক কায়েমি স্বার্থকে এই উন্মুক্ততার অপব্যবহার করতে না দেওয়া।"

প্রধান মন্ত্রী বলেন, একটি গণতন্ত্র এবং ডিজিটাল নেতা হিসেবে ভাগকরে নেওয়া সমৃদ্ধি এবং সুরক্ষার জন্য ভারত অংশীদারদের সাথে কাজ করতে প্রস্তুত।" ভারতের ডিজিটাল বিপ্লবের শিকড় আমাদের গণতন্ত্র, জনসংখ্যা এবং আমাদের অর্থনীতির মাপকাঠিতে নিহিত রয়েছে। এটি আমাদের তরুনদের উদ্যোগ এবং উদ্ভাবনের দ্বারা চালিত। আমরা অতীতের প্রতিবন্ধকতাগুলিকে ভবিষ্যতে একটি লাফ দেবার সুযোগে পরিণত করছি।"

প্রধানমন্ত্রী ভারতে সংঘটিত পাঁচটি গুরুত্বপূর্ণ পরিবর্তনের তালিকা দিয়েছেন।এক, বিশ্বের সর্ববৃহৎ পাবলিক ইনফরমেশন পরিকাঠামো ভারতে তৈরি হচ্ছে। 1.3 মিলিয়নের বেশী ভারতীয়র একটি অনন্য ডিজিটাল পরিচয় রয়েছে, ছয় হাজারের বেশী গ্রাম শীঘ্রই ব্রডব্যান্ড এবং বিশ্বের সবথেকে কার্যকর পেমেন্ট পরিকাঠামো ইউপিআই-এর সাথে সংযুক্ত করা হবে।দুই, শাসন, অন্তর্ভুক্তি,ক্ষমতায়ন, সংযোগ, সুবিধা প্রদান এবং কল্যাণের জন্য ডিজিটাল প্রযুক্তির ব্যবহার। তিন, বিশ্বের মধ্যে তৃতীয় বৃহত্তম এবং দ্রুত বর্ধনশীল স্টার্ট আপ ইকো সিস্টেম ভাওরতের রয়েছে। চার, ভারতের শিল্প এবং পরিষেবা ক্ষেত্রগুলি এমনকি কৃষিও ব্যপক ডিজিটাল রূপান্তরের মধ্যে দিয়ে যাচ্ছে।পাঁচ, ভবিষ্যতের জন্য ভারতকে প্রস্তুত করার একটি বড় প্রচেষ্টা রয়েছে। তিনি আরও যোগ করেন, " আমরা 5G এবং 6G-র মত টেলিকম প্রযুক্তিতে দেশীয় সক্ষমতা বিকাশে বিনিয়োগ করছি। কৃত্রিম বুদ্ধিমত্তা এবং মেশিন লার্নিং বিশেষ করে মানব-কেন্দ্রিক এবং কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহারে ভারত প্রথম সারির দেশগুলির মধ্যে অন্যতম। আমরা ক্লাউড প্লাটফর্ম এবং ক্লাউড কম্পিউটিং-এ শক্তিশালী সক্ষমতার বিকাশ করছি।"

ভারতের স্থিতিস্থাপকতা এবং ডিজিটাল সার্বভৌমত্বর কথা বলতে গিয়ে তিনি বলেন," আমরা হার্ডওয়ারের প্রতি আমাদের লক্ষ্য কেন্দ্রীভূত করছি। সেমি-কন্ডাক্টরের মুখ্য উৎপাদক হবার জন্য আমরা ইনসেনটিভের একটি প্যাকেজ প্রস্তুত করছি।ইলেকট্রনিক্স এবং টেলিকমে উৎপাদনের সাথে যুক্ত আমাদের ইনসেনটিভস স্কিম ইতিমধ্যে ভারতে সেট আপ তৈরি করার জন্য ইতিমধ্যেই স্থানীয় এবং আন্তর্জাতিক সংস্থাগুলিকে আকর্ষণ করেছে।" ডেটার রক্ষা, গোপনীয়তা এবং নিরাপত্তার প্রতি ভারতের প্রতিশ্রুতির কথাও তিনি দৃঢ়তার সাথে ঘোষণা করেছেন। প্রধান মন্ত্রী বলেন, " একই সাথে, আমরা জনগণের ক্ষমতায়নের উৎস হিসেবে ডেটাকে ব্যবহার করি। ব্যক্তিগত অধিকারের দৃঢ় জামানত সহ গণতান্ত্রিক পরিকাঠামোতে এটি ব্যবহার করার ক্ষেত্রে ভারতের অতুলনীয় অভিজ্ঞতা রয়েছে।"

প্রধানমন্ত্রী বলেন Y2K সমস্যার সাথে মানিয়ে নেবার সাথে ভারতের অবদান এবং বিশ্বের কাছে উন্মুক্ত সফটওয়্যার উৎস হিসেবে CoWin প্লাটফর্ম প্রদানগুলি হল ভারতের মূল্যবোধ এবং দৃষ্টিভঙ্গির উদাহরণ।" ভারতের গণতান্ত্রিক পরম্পরা প্রাচীন; এর আধুনিক প্রতিষ্ঠানগুলি শক্তিশালী এবং আমরা বরাবর বিশ্বকে একটি পরিবার হিসাবে বিশ্বাস করেছি।" তিনি বলেন।

শ্রী মোদী বলেন, জনগণের কল্যাণের জন্য প্রযুক্তি এবং নীতি ব্যবহারে ভারতের ব্যাপক অভিজ্ঞতা , ব্যাপক উন্নয়ন এবং সামাজিক ক্ষমতায়ন উন্নয়নশীল দেশগুলির কাছে বড় সাহায্য হতে পারে।" আমরা দেশগুলি এবং তাদের জনগণের ক্ষমতায়নের জন্য একসাথে কাজ করতে পারি, এবং এই শতাব্দীর সুযোগগুলির জন্য তাদের প্রস্তুত করতে পারি।" তিনি উল্লেখ করেছেন।

গণতন্ত্রের জন্য একসাথে কাজ করার একটি রোডম্যাপ দিয়ে শ্রী মোদী একযোগে কাঠামো নির্মাণের আহ্বান জানিয়েছেন " ভবিষ্যত প্রযুক্তির গবেষণা ও বিকাশে একসাথে বিনিয়োগ করা ; বিশ্বাসযোগ্য উৎপাদন স্থল এবং বিশ্বাসযোগ্য সরবরাহ শৃংখলের বিকাশ করা; সাইবার সুরক্ষাতে গভীর বুদ্ধিমত্তা এবং ক্রিয়াপ্রণালীর সহযোগিতা করা; জটিল তথ্য পরিকাঠামোকে রক্ষা করা, জনগণের মতামতকে স্বীয় স্বার্থে ব্যবহার করার থেকে প্রতিরোধ করা; আমাদের গণতান্ত্রিক মূল্যবোধের সাথে সঙ্গতিপূর্ণ আদর্শ এবং শাসনের মান এবং প্রযুক্তির বিকাশ করা; ও ডেটা গভর্নেন্স এবং আন্তঃসীমান্ত প্রবাহের জন্য মান এবং নিয়ম তোইরি করা যা ডেটাকে সুরক্ষিত করে।" তিনি বলেছেন উদ্ভূত পরিকাঠামোরও উচিত জাতিয় অধিকারকে স্বীকৃতি দেওয়া এবং একই সাথে বাণিজ্য, বিনিয়োগ এবং বৃহত্তর জনকল্যাণকে উন্নীত করা।"

এই প্রসঙ্গে তিনি ক্রিপ্টো-কারেন্সির কথা উল্লেখ করেছেন এবং বলেছেন," এটি গুরুত্বপূর্ণ যে, সকল গণতান্ত্রিক দেশগুলি ক্রিপ্টো-কারেন্সি( অদৃশ্য মুদ্রা) নিয়ে কাজ করে এবং আমাদের যুব সমাজকে নষ্ট করতে পারে সেই ধরনের ভুল হাতে না যাওয়াকে সুনিশ্চিত করে।"

**নিউ দিল্লি**
**নভেম্বর** 18, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.